বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রসেসিং পরিদপ্তর
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

**১৬ অক্টোবর, ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | এস. এম. শহিদুল ইসলাম<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ১৬ অক্টোবর, ২০২৩ খ্রিঃ। |
| সভার সময় | দুপুর ২:৩০ ঘটিকা। |
| স্থান | সম্মেলন কক্ষ, পানি ভবন (লেভেল-৫), বাপাউবো, ঢাকা। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক। |

বিগত ১৬ অক্টোবর, ২০২৩ তারিখ রোজ সোমবার দুপুর ০২:৩০ ঘটিকায় মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর সভাপতিত্বে ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) আওতায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের ১২/১০/২০২৩ তারিখ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সংশ্লিষ্ট অতিরিক্ত মহাপরিচালকগণ, বিভিন্ন জোনের প্রধান প্রকৌশলীগণ, পূর্ণকালীন প্রকল্প পরিচালকগণ এবং সদর দপ্তরের বিভিন্ন পরিদপ্তরের তত্বাবধায়ক প্রকৌশলী/ পরিচালকসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। এছাড়াও মাঠ পর্যায়ের অন্যান্য জোনের প্রধান প্রকৌশলীবৃন্দ, সকল পওর/ পানি উন্নয়ন সার্কেলের তত্বাবধায়ক প্রকৌশলীগণ ও সকল পওর/ পানি উন্নয়ন বিভাগের নির্বাহী প্রকৌশলীগণ ভার্চুয়ালি Zoom এ সংযুক্ত থেকে অংশগ্রহণ করেন।

০২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং সভাপতির অনুমতিক্রমে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম উপস্থাপন করেন। ২০২৩-২৪ অর্থবছরে এডিপিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতায় ৯৫টি চলমান প্রকল্পের অনুকূলে ৭৫৮৫.৭৫ কোটি টাকা বরাদ্দ রয়েছে, তন্মধ্যে জিওবি ৫৯৮৯.৪২ কোটি টাকা, প্রকল্প সাহায্য ১৫৯৬.৩৩ কোটি টাকা এবং টাকাংশ ১৫৪৮.৮৫ কোটি টাকা। ১ জুলাই ২০২৩ হতে ১২ অক্টোবর ২০২৩ পর্যন্ত উক্ত বরাদ্দ হতে ছাড়কৃত অর্থের পরিমাণ মোট ১৩০৮.৬৭ কোটি (জিওবি ১১৬৮.৬৭ কোটি, প্রকল্প সাহায্য ১৪০.০০ কোটি ) টাকা, যা মোট বরাদ্দের ১৭.২৬% । একই সময় পর্যন্ত অর্থ ব্যয়ের পরিমাণ মোট ৪৭১.৪৩ কোটি (জিওবি ৪৭১.৪৩ কোটি, প্রকল্প সাহায্য ৯০.৩৩ কোটি) টাকা, যা মোট বরাদ্দের ১২.১৪% প্রকল্পসমূহের গড় বাস্তব অগ্রগতি ১৪.৪২%। এডিপি অনুমোদন পরবর্তী আরো ১৭টি নতুন প্রকল্প অনুমোদন লাভ করেছে। এডিপিভুক্ত ও নতুন অনুমোদিত প্রকল্পসমূহ নিয়ে বাস্তবায়নাধীন মোট প্রকল্প সংখ্যা দাড়ায় (৯৫+১৭)= ১১২টি, যার মধ্যে ৪১টি প্রকল্প চলতি ২০২৩-২৪ অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে।

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত/ নির্দেশনা প্রদান করা হয়ঃ-

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত/ নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত "দুর্যোগ ঝুঁকি সম্প্রসারণ প্রকল্প" এবং "পঞ্চগড় ও ঠাকুরগাঁও জেলায় টেকসই নদী ব্যবস্থাপনা সংক্রান্ত কাজের সম্ভাব্যতা সমীক্ষা" প্রকল্পদ্বয়ের PL Account আগামী ২ কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ খোলার উদ্যেগ গ্রহণ করবেন। | | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ২ | "ঢাকা জেলার দোহার উপজেলাধীন মাঝিরচর থেকে নারিশাবাজার হয়ে মোকসেদপুর পর্যন্ত পদ্মা নদীর ড্রেজিং ও বাম তীর সংরক্ষণ (১ম সংশোধিত)" প্রকল্প নিয়ে আলোচনাকালে প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল জানান যে প্রকল্পের অগ্রগতি ত্বরান্বিত করার লক্ষ্যে আরএডিপিতে বরাদ্দ বৃদ্ধি করতে হবে। | "ঢাকা জেলার দোহার উপজেলাধীন মাঝিরচর থেকে নারিশাবাজার হয়ে মোকসেদপুর পর্যন্ত পদ্মা নদীর ড্রেজিং ও বাম তীর সংরক্ষণ (১ম সংশোধিত)" প্রকল্পের বরাদ্দ বৃদ্ধির বিষয়ে মন্ত্রণালয়ের মাধ্যমে উদ্দ্যোগী হতে হবে। | প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, ঢাকা এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |

| | | | |
|---|---|---|---|
| ৩ | ঢাকা-নারায়ণগঞ্জ-ডেমরা (ডিএনডি) এলাকায় নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন (ফেজ-২) (১ম সংশোধিত) প্রকল্পটি নিয়ে আলোচনাকালে প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল জানান যে প্রকল্পের আন্তঃখাত সমন্বয় প্রয়োজন। | ঢাকা-নারায়ণগঞ্জ-ডেমরা (ডিএনডি) এলাকায় নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন (ফেজ-২) (১ম সংশোধিত) প্রকল্পটির পিএসসি সভার আয়োজন করতে হবে এবং পিএসসি সভার সিদ্ধান্ত গ্রহণ করতঃ জুন, ২০২৪ এর মধ্যে সমাপ্ত করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৪ | কিশোরগঞ্জ জেলার ১০টি উপজেলায় নদীতীর প্রতিরক্ষা কাজ, ওয়েভ প্রটেকশন এবং খাল পুনঃখনন প্রকল্প নিয়ে আলোচনাকালে প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল জানান যে ২০২৩-২৪ অর্থ-বছরের ভৌত কাজের লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন করতে প্রকল্পের আওতায় আরও ৭৫.০০ কোটি টাকা বরাদ্দ বৃদ্ধি করতে হবে। | কিশোরগঞ্জ জেলার ১০টি উপজেলায় নদীতীর প্রতিরক্ষা কাজ, ওয়েভ প্রটেকশন এবং খাল পুনঃখনন প্রকল্পের বরাদ্দ বৃদ্ধির বিষয়ে মন্ত্রণালয়ের মাধ্যমে উদ্দ্যোগী হতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৫ | পূর্বাঞ্চল, বাপাউবো, কুমিল্লা- এর প্রকল্পভিত্তিক আলোচনাকালে সভাপতি প্রকল্পভিত্তিক নিম্নরুপ সিদ্ধান্ত প্রদান করেনঃ<br>ক) "লক্ষ্মীপুর জেলার রামগতি ও কমলনগর উপজেলাধীন বড়খেরী ও লুধুয়াবাজার এবং কাদের পন্ডিতের হাট এলাকা ভাঙ্গান হতে রক্ষাকল্পে মেঘনা নদীর তীর সংরক্ষণ" প্রকল্পটির আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয়ের প্রস্তাব পিএসসি সভার সিদ্ধান্তের আলোকে বোর্ডে দাখিল করতে হবে।<br>খ) "চাঁদপুর সেচ প্রকল্পের চর বাগাদী পাম্প হাউস ও হাজিমারা রেগুলেটর পুনর্বাসন প্রকল্প (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটির আওতায় গৃহিত সম্ভাব্যতা সমীক্ষার প্রস্তাবনার ভিত্তিতে প্রস্তুতকৃত ডিপিপির উপর বোর্ডে অনুষ্ঠিত যাচাই সভার সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় সংশোধন করে আগামী ১৮/১০/২০২৩ তারিখের মধ্যে ডিপিপি বোর্ডে দাখিল করতে হবে। | | প্রধান প্রকৌশলী, পূর্বাঞ্চল, কুমিল্লা |
| ৬ | দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, চট্টগ্রাম এর ৯টি প্রকল্পের মধ্যে ৬টি রুগ্ন প্রকল্প রয়েছে যা ২০১৯ সালের পূর্বে অনুমোদন লাভ করেছে। প্রকল্পভিত্তিক আলোচনাকালে সভাপতি নিম্নরুপ সিদ্ধান্ত প্রদান করেনঃ<br>ক) "চট্টগ্রাম মহানগরীর বন্যা নিয়ন্ত্রণ, জলামগ্নতা/জলাবদ্ধতা নিরসন ও নিষ্কাশন উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আন্তঃখাত সমন্বয়পূর্বক অতিরিক্ত কাজ অন্তর্ভূক্তির বিষয়ে পিএসসি সভার সিদ্ধান্তের আলোকে পদক্ষেপ গ্রহণ করতে হবে। এছাড়া সংশোধিত ডিপিপি দ্রুত বোর্ডে দাখিল করতে হবে।<br>খ) "কক্সবাজার জেলার বাংলাদেশ-মায়ানমার এ সীমান্ত নিরাপত্তা উন্নত করার জন্য উখিয়া ও টেকনাফ উপজেলায় নাফ নদী বরাবর পোল্ডারসমূহ (৬৭/এ, ৬৭, ৬৭/বি এবং ৬৮) পুনর্বাসন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয়ের প্রস্তাব দ্রুত বোর্ডে দাখিল করতে হবে। | | প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পূর্বাঞ্চল, চট্টগ্রাম |
| ৭ | "চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলায় মহানন্দা নদী ড্রেজিং ও রাবার ড্যাম নির্মাণ প্রকল্প (২য় সংশোধিত)" প্রকল্পের আলোচনাকালে প্রধান প্রকৌশলী জানান যে, প্রকল্পের জমি অধিগ্রহণের জন্য অতিরিক্ত অর্থ প্রয়োজন। এ বিষয়ে মন্ত্রণালয়ে চাহিদাপত্র প্রেরণ করা হয়েছে। | "চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলায় মহানন্দা নদী ড্রেজিং ও রাবার ড্যাম নির্মাণ প্রকল্প (২য় সংশোধিত)" প্রকল্পের জমি অধিগ্রহণের জন্য প্রশাসনিক অনুমোদন বিষয়ে দ্রুত উদ্দ্যোগ গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, রাজশাহী এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৮ | "রাজশাহী জেলার চারঘাট ও বাঘা উপজেলায় পদ্মা নদীর বাম তীরে স্থাপনা সমূহ নদী ভাঙ্গান হতে রক্ষা (১ম সংশোধিত)" প্রকল্প নিয়ে আলোচনাকালে প্রধান প্রকৌশলী জানান যে, প্রকল্পের আওতায় সম্পাদিত কাজের ১৭৫.০০ কোটি টাকা বকেয়া রয়েছে যা প্রকল্পের অগ্রগতিকে বাধাগ্রস্ত করছে । | "রাজশাহী জেলার চারঘাট ও বাঘা উপজেলায় পদ্মা নদীর বাম তীরে স্থাপনা সমূহ নদী ভাঙ্গান হতে রক্ষা (১ম সংশোধিত)" প্রকল্পের বরাদ্দ বৃদ্ধির বিষয়ে মন্ত্রণালয়ের মাধ্যমে উদ্দ্যোগ গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৯ | "বাঙ্গালী-করতোয়া-ফুলজোর-হুরাসাগর নদী সিস্টেম ড্রেজিং/পুনঃখনন ও তীর সংরক্ষণ (১ম সংশোধিত)" প্রকল্প নিয়ে আলোচনাকালে প্রধান প্রকৌশলী জানান যে, প্রকল্পের আওতায় সম্পাদিত কাজের ৩২০.০০ কোটি টাকা বকেয়া রয়েছে যা প্রকল্পের অগ্রগতিকে বাধাগ্রস্ত করছে । | "বাঙ্গালী-করতোয়া-ফুলজোর-হুরাসাগর নদী সিস্টেম ড্রেজিং/পুনঃখনন ও তীর সংরক্ষণ (১ম সংশোধিত)" প্রকল্পের বরাদ্দ বৃদ্ধির বিষয়ে মন্ত্রণালয়ের মাধ্যমে উদ্দ্যোগ গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ১০ | পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর এর প্রকল্পভিত্তিক আলোচনাকালে সভাপতি প্রকল্পভিত্তিক নিম্নরুপ সিদ্ধান্ত প্রদান করেনঃ<br>ক) জিকে সেচ প্রকল্পের পুনর্বাসন বিষয়ক কার্যক্রম দুইটি পর্যায়ে গ্রহণ করতে হবে। ১ম পর্যায়ে পাম্প এবং আনুসঙ্গিক প্রয়োজনীয় অঙ্গ নিয়ে ডিপিপি প্রস্তুতপূর্বক আগামী ৩০/১০/২০২৩ তারিখের মধ্যে ডিপিপি বোর্ডে দাখিল করতে হবে। | | প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল, ফরিদপুর |

| | | |
|---|---|---|
| ১১ | দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল- এর প্রকল্পভিত্তিক আলোচনাকালে সভাপতি প্রকল্পভিত্তিক নিম্নরুপ সিদ্ধান্ত প্রদান করেনঃ<br>ক) "বরগুনা জেলার অধীন পোল্ডার ৪৩/১ ও ৪৪বি পুনর্বাসন এবং ঝুঁকিপূর্ণ অংশ পায়রা নদীর ভাঙ্গন হতে প্রতিরক্ষা" এবং "বরগুনা জেলাধীন পোল্ডার নং-৪১/৬এ ও ৪১/৬বি ও ৪১/৭এ পুনর্বাসন এবং বেতাগী শহরসহ অন্যান্য ঝুঁকিপূর্ণ অংশ বিষখালী ও পায়রা নদীর ভাংগন হতে প্রতিরক্ষা" প্রকল্প দুইটির আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয়ের প্রস্তাব আগামী ৩০/১০/২০২৩ তারিখের মধ্যে বোর্ডে দাখিল করতে হবে। | প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বরিশাল |
| ১২ | দক্ষিণ-পশ্চিমাঞ্চল, বাপাউবো, খুলনা- এর প্রকল্পভিত্তিক আলোচনাকালে সভাপতি প্রকল্পভিত্তিক নিম্নরুপ সিদ্ধান্ত প্রদান করেনঃ<br>ক) "খুলনা জেলার পোল্ডার নং-১৪/১ এর পুনর্বাসন" প্রকল্পটির আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয়ের প্রস্তাব যৌক্তিকভাবে বোর্ডে দাখিল করতে হবে। | প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পশ্চিমাঞ্চল, খুলনা |
| ১৩ | বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্পসমূহ নিয়ে আলোচনাকালে সভাপতি প্রকল্পভিত্তিক নিম্নরুপ সিদ্ধান্ত প্রদান করেনঃ<br>ক)"Bangladesh Weather and Climate Services Regional Project (BWCSRP) Component-B : Strengthening Hydrological Information Services and Early Warning Systems (SHISEWS) (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় ক্রয়কৃত যন্ত্রপাতিগুলোর সঠিক অবস্থায় এবং ফাংশনাল সংক্রান্ত পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রধান প্রকৌশলী (পুর), পানি বিজ্ঞান হতে সংগ্রহ করে বোর্ডে দাখিল করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| | খ) "Irrigation Management Improvement Project (IMIP)- for Muhuri Irrigation Project (MIP) (৩য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের মনিটরিং এবং পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য MIMO তে একজন নির্বাহী প্রকৌশলী পদায়ন করতে হবে। | পরিচালক (প্রশাসন), বোর্ড সচিবালয় |
| | গ) "Irrigation Management Improvement Project (IMIP)- for Muhuri Irrigation Project (MIP) (৩য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় জিকে সেচ প্রকল্পের পুনর্বাসন এর উপর গৃহিত সম্ভাব্যতা সমীক্ষার প্রস্তাবনাসমূহের উপর একটি Presentation বোর্ডে দাখিল করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ১৪ | গ্রাউন্ড ওয়াটার হাইড্রোলজির আওতায় বাপাউবো'র বিভিন্ন প্রকল্পে পরিচালিত সয়েল টেস্ট বোরিং কাজের বকেয়া বিলের মোট পরিমাণ নির্ণয় করে নোটশিটের মাধ্যমে অর্থ চাহিদা জরুরী ভিত্তিতে বোর্ডে প্রেরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী (পুর), পানি বিজ্ঞান |
| ১৫ | বাপাউবো'র ড্রেজারসমূহের জ্বালানী ব্যবস্থা অটোমেশনের জন্য অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব) এর সভাপতিত্বে সভা আয়োজন করে দ্রুত কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং এতদসংক্রান্ত অগ্রগতি আবশ্যিকভাবে বোর্ডকে অবহিত করতে হবে। | অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব)/ অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ড্রেজার, নারায়ণগঞ্জ/ খুলনা |
| ১৬ | দক্ষিণ-পশ্চিমাঞ্চল, খুলনা এবং দক্ষিণাঞ্চল, বরিশাল এ যে সকল পানি নিয়ন্ত্রণ অবকাঠামোর গেট সংস্কার করা প্রয়োজন তা সরেজমিনে পরিদর্শন করে তালিকা করে প্রাক্কলন প্রস্তুতপূর্বক দুইটি আলাদা ডিপিপি প্রস্তুত করতে হবে। পানি নিয়ন্ত্রণ অবকাঠামোতে পূর্ত কাজের প্রয়োজন হলে সংশ্লিষ্ট পওর বিভাগ (পুর) হতে পূর্ত কাজের প্রাক্কলন সংগ্রহ করতে হবে। | প্রধান প্রকৌশলী, যান্ত্রিক |
| ১৭ | প্রতিবছর বৃক্ষরোপণ কার্যক্রম যথাযথভাবে সুসম্পন্ন করতে বনবিভাগের সাথে কেন্দ্রীয়ভাবে MoU সম্পন্ন করতে হবে। সে লক্ষ্যে MoU এর খসড়া আগামী ১০ কার্যদিবসের মধ্যে বোর্ডে দাখিল করতে হবে। | প্রধান পানি ব্যবস্থাপনা, ঢাকা |

১৮। **মহাপরিচালক মহোদয় সভায় নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করেন:-**

ক) সকল প্রকল্পের প্রকল্প পরিচালকগণ আবশ্যিকভাবে আগামী ২৬/১০/২০২৩ তারিখের মধ্যে প্রকল্পওয়ারি তথ্য SIMS এবং CIMS সফটওয়্যারে আপডেট করবেন।

খ) ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার এন্ড ওয়াটার ম্যানেজমেন্ট প্রজেক্ট (বাপাউবো অংশ) এর মূল পরামর্শক দ্রুততর সময়ে নিয়োগ করে ভৌত কাজ আরম্ভ করতে হবে।

১৯) সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩-১০-২০২৩
এস. এম. শহিদুল ইসলাম
মহাপরিচালক

৭ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ:
২৩ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৪২.০১.০০০০.০১২.১৫.০০১.১৯.৭৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২। অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩। অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৪। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৫। অতিরিক্ত মহাপরিচালক(অর্থ), অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৬। প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৭। প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলী, ডিজাইন, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৮। প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলী, পানিবিজ্ঞান, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৯। প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
১০। প্রধান প্রকৌশলী, সকল জোন;
১১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, অতিরিক্ত প্রধান প্রকৌশল (পুর), প্রশিক্ষন ও মানব সম্পদ উন্নয়ন এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
১২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, রিভার ম্যানেজমেন্ট/ ড্যাম এন্ড ব্যারেজ/ আইসিজেড এন্ড ক্লাইমেট চেঞ্জ ম্যানেজমেন্ট/ পিএমইউ-ক্লাষ্টার, বাপাউবো, ঢাকা;
১৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, নারায়নগঞ্জ ড্রেজার, বাপাউবো, নারায়ণগঞ্জ;
১৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, খুলনা ড্রেজার, বাপাউবো, খুলনা;
১৫। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পওর এর দপ্তর, বাপাউবো, ঢাকা;
১৬। প্রধান পানি ব্যবস্থাপনা , প্রধান পানি ব্যবস্থাপনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
১৭। প্রকল্প পরিচালক, CEIP-1/ BWCSRP-SHISEWS/ CSAWMP/ FRERMIP-2/ IMIP-MIP/ SWAIWRPMP-AF/ HFMLIP/ DRMEP Comp-1/ CDSP-AF/ ড্রেজার ক্রয়/ ৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন (১ম পর্যায়)/ জলযান ক্রয়, বাপাউবো, ঢাকা;
১৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী , কাবিখা মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
১৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পরিকল্পনা-২ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২০। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পরিকল্পনা-৩ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২১। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সকল পওর ও পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো;
২৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) (অতিরিক্ত দায়িত্ব), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পওর পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কেন্দ্রীয় জিআইএস পরিদপ্তর , বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কোয়ালিটি কন্ট্রোল এন্ড অ্যাসুরেন্স পরিদপ্তর, ওয়েস্ট, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কোয়ালিটি কন্ট্রোল এন্ড অ্যাসুরেন্স পরিদপ্তর, ইস্ট, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২৯। পরিচালক, হিসাবরক্ষণ পরিদপ্তর, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩০। পরিচালক, অর্থ পরিদপ্তর, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩১। পরিচালক, অডিট পরিদপ্তর, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩২। পরিচালক (বোর্ড), বোর্ড সচিবালয়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩৩। পরিচালক (ভূমি ও রাজস্ব), ভূমি ও রাজস্ব পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩৫। পরিচালক, নিরাপত্তা ও গোয়েন্দা পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩৬। পরিচালক, শৃঙ্খলা পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩৭। পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

৩৮। পরিচালক, কল্যাণ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

৩৯। পরিচালক , প্রশিক্ষণ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

৪০। যুগ্ম প্রধান, যুগ্ম প্রধান, পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

৪১। পরিচালক , প্রকল্প মূল্যায়ন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

৪২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

৪৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট (অতিরিক্ত দায়িত্ব), কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);

৪৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়;

৪৫। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়;

৪৬। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয় এবং

৪৭। নির্বাহী প্রকৌশলী, সকল পওর ও পানি উন্নয়ন বিভাগ।

২৩-১০-২০২৩
টি. এম. রাশিদুল কবীর
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)

**সকল সংযুক্তিসমূহ:**

(১) পরিশিষ্ট-ক